ভোরের কাগজ

তারিখ 02 DEC 199
পৃষ্ঠা ... কলাম ...



*৫ম ঢাকা বইমেলা উদ্বোধন করে স্টলে স্টলে যান প্রধান অতিথি মুহাম্মদ হাবিবুর রহমান। তাঁর সঙ্গে ছিলেন অধ্যাপক আনিসুজ্জামান ও ড. জিল্লুর রহমান সিদ্দিকী। এ সময় আলাপও জমে ওঠে বেশ — ভোরের কাগজ*

### ঢাকা বইমেলা উদ্বোধনকালে বিচারপতি হাবিবুর রহমান

# নিরাশাবাদীদের মুখে ছাই দিয়ে বই টিকে আছে, টিকে থাকবে

**কাগজ প্রতিবেদক :** নিরাশাবাদীদের মুখে ছাইদিয়ে বই টিকে আছে। বই টিকে থাকবে। কালো হরফের ছাপা অক্ষর আগামীতেও মানুষের মনে নাড়া দিয়ে যাবে।

কথাগুলো সাবেক তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা মুহাম্মদ হাবিবুর রহমানের। ৫ম ঢাকা বইমেলা উদ্বোধন করতে গিয়ে গতকাল মঙ্গলবার তিনি তার ভাষণে এ কথা বলেন।

শেরেবাংলা নগর মেলা প্রাঙ্গণে গতকালই শুরু হয়েছে এই বইমেলা। পক্ষকালব্যাপী এই ঢাকা বইমেলার নিয়মিত আয়োজক জাতীয় গ্রন্থকেন্দ্র। প্রকাশকদের এই মেলায় প্যাভিলিয়ন ৫টি এবং স্টল রয়েছে ১৯২টি।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিতে গিয়ে বিচারপতি মুহাম্মদ হাবিবুর রহমান সারা দেশে পাঠাগার গড়ে তোলার আহ্বান জানিয়ে বলেন, সংস্কৃতির ক্ষেত্রে সরকারি সাহায্যের দিকে তাকিয়ে থাকলে চলবে না। ব্যক্তিগত এবং স্থানীয় সরকারগুলোর উদ্যোগেই পাঠাগার গড়তে হবে।

সংস্কৃতি মন্ত্রণালয়ের সচিব ড. এস জামান মজুমদারের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন যুব, ক্রীড়া ও সংস্কৃতি প্রতিমন্ত্রী ওবায়দুল কাদের। প্রতিমন্ত্রী একাত্তরের শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেন, এ দেশকে মুক্তবুদ্ধি চর্চাকেন্দ্র হিসেবে গড়ে তুলতে হবে। মানুষের পাঠাভ্যাস গড়ে তোলার জন্য পাঠাগার আন্দোলনকে জোরদার করতে হবে। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালক এন এম পনিরউদ্দিন হায়দার।

বক্তৃতা পর্বের পর প্রধান অতিথি মেলা প্রাঙ্গণে বেলুন উড়িয়ে আনুষ্ঠানিকভাবে ৫ম ঢাকা বইমেলার উদ্বোধন করেন।

উদ্বোধনের পর মেলায় ধীরে ধীরে লোক সমাগম বাড়তে থাকে। তবে তা প্রত্যাশার চেয়ে অনেক কম। যারাও এসেছিলেন তারা সবাই নতুন বইয়ের খোঁজ করছিলেন। কিন্তু নতুন বই খুব একটা পাওয়া যাচ্ছিলো না। প্রকাশকরা আশ্বাস দিলেন, দুএকদিনের মধ্যে মেলায় প্রচুর নতুন বই আসবে।

এবারের মেলায় অংশ নিচ্ছে ৯৩টি প্রকাশনা সংস্থা। প্রকাশকরা জানালেন, মেলার আয়োজন নিয়ে তারা সন্তুষ্ট। তারা আশা করছেন, ভালো প্রচার পেলে শীতের এই সময় মেলা জমে উঠবে। তারা মেলার সময় একদিন বাড়িয়ে ১৬ ডিসেম্বর পর্যন্ত করার জন্য কর্তৃপক্ষের কাছে আবেদন রেখেছেন।

মেলায় প্রতিদিনের সাংস্কৃতিক অনুষ্ঠানের অংশ হিসেবে গতকাল ছিল ছোটদের অনুষ্ঠান। 'সুযোগ চাই মানুষ হবো' এ শিরোনামে অনুষ্ঠান পরিবেশনায় ছিল 'তীর্থ মিডিয়া সেন্টার'। এ ছাড়া সঙ্গীতা অনুষ্ঠান, বাউল গান প্রিয় ব্যক্তিত্বের মুখোমুখি এবং 'ডানপিটে ছেলে' চলচ্চিত্রের প্রদর্শনীও ছিল গতকাল।

'পাড়ায় পাড়ায় পাঠাগার চাই'- এই স্লোগান নিয়ে ঢাকা বইমেলা চলবে ১৫ ডিসেম্বর পর্যন্ত। মেলা খোলা থাকবে প্রতিদিন বিকাল ৩টা থেকে রাত ৯টা পর্যন্ত।